উপজেলা পরিষদ
পাথরঘাটা, বরগুনা ।

# পাথরঘাটা উপজেলা পরিষদের ২৯তম মাসিক (সেপ্টেম্বর-২০২১) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভা নম্বর | : | ২৯/২০২১ |
| সভার তারিখ ও সময় | : | ২০.০৯.২০২১ সকাল ১১:০০ টা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভাপতি | : | জনাব মোস্তফা গোলাম কবির, চেয়ারম্যান, উপজেলা পরিষদ। |

(সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা-পরিশিষ্ট 'ক')

উপস্থিত সদস্যদের সাথে সালাম ও শুভেচ্ছা বিনিময় করে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও গীতাপাঠের মাধ্যমে সভা শুরু হয়। অতঃপর বিগত ১৭.০৮.২০২১ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচিত হয় এবং সে আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রনং | আলোচ্য সূচি / এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১. | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ। | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত সম্পর্কিত আলোচনা করা হয়। | দৃঢ়ীকরণ করা হলো। |
| ০২. | গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। | পূর্ববর্তী সভায় যেসকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল এগুলো ৯৫% বাস্তবায়ন হয়েছে। বাকী ৫% এখনো বাস্তবায়ন হয়নি। | সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি থাকতে হবে। |
| ০৩. | স্ট্যান্ডিং কমিটি হতে প্রাপ্ত সুপারিশমালার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ। | স্ট্যান্ডিং কমিটি হতে কোন সুপারিশমালা না থাকায় এ বিষয়ে সিদ্ধান্ত কোন আলোচনা করা গেল না। | স্ট্যান্ডিং কমিটি হতে কোন সুপারিশমালা না পাওয়ায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৪. | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত সুপারিশ পর্যালোচনা। | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক কোন সুপারিশ না থাকায় আলোচনা করা গেল না। | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক কোন সুপারিশমালা না পাওয়ায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৫. | নতুন কোন বিধি/আইন বা পরিবর্তিত কোন আইন পর্যালোচনা। | নতুন কোনবিধি/আইন বা পরিবর্তিত কোন আইন না থাকায় আলোচনা করা গেল না। | নতুন কোন বিধি/আইন বা পরিবর্তিত কোন আইন না থাকায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৬. | উপজেলা পরিষদের আয়-ব্যয় পর্যালোচনা। | আলোচনার কোন বিষয় উত্থাপিত হয়নি বা নেই। | কোন সিদ্ধান্ত নেই। |
| ০৭. | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পাথরঘাটা, বরগুনা। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পাথরঘাটা, সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ১ম পর্যায়ের বরাদ্দ পাওয়া যায়। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানযবৃন্দ প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করেন। যথাসময়ে প্রকল্প পাওয়া গেলে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন সম্ভব হবে। | বিষয়টি আলোচনান্তে জরুরী ভিত্তিতে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকল্প তালিকা জমা দেয়ার জন্য চেয়ারম্যান (সকল), ইউপি'কে অনুরোধ জানানো হয়। |
| ০৮. | উপজেলা কৃষি বিভাগ, পাথরঘাটা, বরগুনা। | উপজেলা কৃষি কর্মকর্তা, সভায় জানান যে, উপজেলা পরিষদ এরিয়ার মধ্যে একটি নতুন কৃষি প্রশিক্ষণ ভবন নির্মাণ করা হয়েছে। উক্ত ভবনে অদ্যবদি বিদ্যুৎ সংযোগ দেয়া হয়নি। এমতাবস্থায় উক্ত ভবনে প্রশিক্ষণ কার্যক্রম ব্যহত হচ্ছে। এছাড়া অত্রাফিসের স্বাভাবিক কার্যক্রম যথাযথ নিয়মে চলমান রয়েছে। | উপজেলা পরিষদ কমপ্লেক্সেও ভিতর নির্মিত নতুন কৃষি প্রশিক্ষণ ভবনে জরুরী ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ দেয়ার জন্য সহকারী জেনারেল ম্যানেজার, পল্লীবিদ্যুৎ সমিতি, পাথরঘাটাকে অনুরোধ জানানো হয়। |
| ০৯. | উপজেলা মৎস্য বিভাগ, পাথরঘাটা, বরগুনা। | উপজেলা মৎস্য কর্মকর্তা, সভায় জানান যে, আগামী ০৪ অক্টোবর/২০২১ হতে ২৫ অক্টোবর/২০২১ তারিখ পর্যন্ত মৎস্য অবরোধ চলমান থাকবে। এসময় সকল প্রকার ইলিশ মাছ আহরণ, ক্রয়-বিক্রয় ও পরিবহন নিষিদ্ধ থাকবে। বিষয়টি ব্যাপক প্রচার-প্রচারণায় সকলের সহযোগিতা কামনা করেন। | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী আগামী ০৪ অক্টোবর/২০২১ হতে ২৫ অক্টোবর/২০২১ তারিখ পর্যন্ত ইলিশ শিকার, পরিবহণ, মজুদ ও বিক্রি বন্ধে জনসাধারণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক প্রচার-প্রচারণার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। |
| ১০. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ, পাথরঘাটা,বরগুনা। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পাথরঘাটা, সভায় জানান যে, এ উপজেলার সকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে প্রাণিসম্পদ দপ্তরের জন্য একটি করে কক্ষ বরাদ্দ করা প্রয়োজন। | উক্ত বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে প্রাণিসম্পদ দপ্তরের জন্য একটি করে কক্ষ বরাদ্দকরণের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। |

| | | | |
|---|---|---|---|
| ১১. | উপজেলা শিক্ষা বিভাগ পাথরঘাটা, বরগুনা। | উপজেলা শিক্ষা অফিসার, পাথরঘাটা, সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে দীর্ঘ ১৮ (আঠারো) মাস শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার পরে গত ১২ সেপ্টেম্বর/২০২১ তারিখ শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে। তবে দীর্ঘদিন পরে শিক্ষা প্রতিষ্ঠান খোলা হলেও ছাত্র/ছাত্রীদের উপস্থিতি কম। সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি অনুসরণ করা হচ্ছে। | বিষয়টি আলোচনান্তে সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি অনুসরণসহ সরকারি সকল নির্দেশনা মেনে চলার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। |
| ১২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ পাথরঘাটা, বরগুনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(ভারপ্রাপ্ত), পাথরঘাটা, সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে দীর্ঘ ১৮ (আঠারো) মাস মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার পরে গত ১২ সেপ্টেম্বর/২০২১ তারিখ সকল মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে। তবে দীর্ঘদিন পরে শিক্ষা প্রতিষ্ঠান খোলা হলেও ছাত্র/ছাত্রীদের উপস্থিতি কম। সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি অনুসরণ করা হচ্ছে। | বিষয়টি আলোচনান্তে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি অনুসরণসহ সরকারি সকল নির্দেশনা মেনে চলার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। |
| ১৩. | উপজেলা সমাজসেবা বিভাগ পাথরঘাটা, বরগুনা। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পাথরঘাটা সভায় জানান যে, তিনি চলতি মাসে এ উপজেলা যোগদান করেছেন। তার দপ্তরের চলমান কার্যক্রম হিসেবে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ০৭ টি ইউনিয়ন ও ০১ টি পৌরসভায় মোট বয়স্ক ভাতাভোগী ৭০৩৯ জন, বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতাভোগী ৩৫৬৩ জন ও প্রতিবন্ধী ভাতাভোগী ২২৫৭ জন। এছাড়াও শিক্ষা উপবৃত্তি ১৭৭ জন ভাতাভোগীদের মাঝে ভাতার অর্থ জিটুপি পদ্ধতিতে প্রদান করা হয়েছে। | বিষয়টি আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পাথরঘাটা'র প্রতি অনুরোধ জানানো হয়। |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন ও দূর্যোগ ব্যবস্থাপনা শাখা পাথরঘাটা, বরগুনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পাথরঘাটা, সভায় জানান যে, টিআর/কাবিখা/৪০ দিন কর্মসূচিসহ সকল কাজ যথাসময়ে সমাপ্ত করা হয়েছে। তবে এ অর্থ বছরে ৪০ দিন কর্মসূচির শ্রমিক মজুরী বেড়েছে কিন্তু শ্রমিক সংখ্যা কমেছে। পাশাপাশি এ বছর টিআর/কাবিখা বাবদ ১৯,৩৬,১৪৫/-, গম ৬২ মেঃ টন ও চাল ৬২ মেঃ টন বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ ইউনিয়নের জনসংখ্যা অনুসারে বিভাজন করা হবে। | ২০২১-২০২২ অর্থ বছরে টিআর/কাবিখা বাবদ প্রাপ্ত বরাদ্দ ইউনিয়নের জনসংখ্যা অনুসারে বিভাজন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পাথরঘাটা'কে অনুরোধ জানান। |
| ১৫. | উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা। | এ বছর বার্ষিক উন্নয়ন কর্মসূচীর কার্যক্রম যথাসময়ে শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী'কে সভায় অনুরোধ করা হয়। পাশাপাশি জাইকা প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থের অনুকূলে প্রকল্প ও উন্নয়ন তহবিলের বরাদ্দের অনুকূলে প্রকল্প দাখিল করার জন্য চেয়ারম্যান (সকল) ইউপি'কে অনুরোধ জানান। | ২০২১-২০২২ অর্থ বছরে যথাসময়ে এডিপি টেন্ডার বাস্তবায়নের জন্য জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকাসহ জাইকা প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থের অনুকূলে প্রকল্প ও উন্নয়ন তহবিলের বরাদ্দের অনুকূলে প্রকল্প দাখিল করার জন্য চেয়ারম্যান (সকল) ইউপি'কে অনুরোধ জানান। |
| ১৬. | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পাথরঘাটা, বরগুনা। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পাথরঘাটা, সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা এর ১৬.০৮.২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.০০. ০০৪.২১-৪৫৪ স্মারকে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি খাত হতে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি ক্রয় করার লক্ষ্যে ৪,৩৯,০০০/- বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দকৃত অর্থ দ্বারা কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি সংক্রান্ত মালামাল জরুরী ভিত্তিতে ক্রয়ের জন্য RFQ পদ্ধতির মাধ্যমে ক্রয়ের প্রস্তাব করেন। সকলেই এ প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। | এ বিষয়ে সভায় আলোচনান্তে প্রাপ্ত বরাদ্দ দ্বারা RFQ পদ্ধতির মাধ্যমে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি সংক্রান্ত মালামাল জরুরী ভিত্তিতে ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| ১৭. | **বিবিধঃ**<br>(ক) উপজেলা পরিষদের সামনের অংশে আরসিসি ড্রেন নির্মাণ। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের মূল গেইটের নিকট থেকে প্রায় ২০৮ মিটার ড্রেন না থাকায় পানি নিষ্কাশিত হতে পারছে না। এতে পরিষদ ক্যাম্পাসে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। | উপজেলা পরিষদের সামনের দিকে ২০৮ মিটার টেকসই আরসিসি (RCC) ড্রেন নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলী এ প্রকল্পে ৩৫,৬৮,৫৭৯/- (পঁয়ত্রিশ লক্ষ আটষট্টি হাজার উনআশি) টাকা প্রাক্কলন তৈরী করবেন। |

| | | | |
|---|---|---|---|
| | নির্মাণ। | সদর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বলেন, এ অংশটুকু স্থায়ী আরসিসি ড্রেন নির্মাণ করা হলে স্থায়ীভাবে জলাবদ্ধতা নিরসন করা সম্ভবপর হবে। সকলেই এ প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। | প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৮. | (খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তা সংস্কার ও মেরামত। | উপজেলা পরিষদের অভ্যন্তরে নবনির্মিত কমপ্লেক্স ভবন হতে পুরাতন অফিস ভবন পর্যন্ত রাস্তাটি আরসিসি ঢালাই করা প্রয়োজন। এছাড়া অন্যান্য আরো বেশ কিছু অভ্যন্তরীণ সড়ক আরসিসি ঢালাই করে নির্মাণ করা হলে টেকসই হবে। এ বিষয়ে সকলেই বিস্তারিত আলোচনা করেন। | উপজেলা পরিষদের অভ্যন্তরের প্রয়োজনীয় রাস্তা যেগুলো পুনঃনির্মাণ/সংস্কার প্রয়োজন উপজেলা প্রকৌশলী তার প্রাক্কলন তৈরী করবেন। প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৯. | (গ) উন্নয়নমূলক কাজের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে জীবিত গাছ কর্তন। | স্থানীয় সরকার বিভাগের ১৫.০৮.২০০৭ তারিখের উপ-২/৪ পি ১২৪/২০০৫/৩৮৪ নং পত্র মূলে গঠিত কমিটি গত ২২.০৮.২০২১ তারিখ সভা করেন। উপজেলা পরিষদের সামনের দিকে সীমানা প্রাচীর নির্মাণের জন্য ২০টি জীবিত গাছ কর্তনের প্রয়োজন মর্মে উপজেলা প্রকৌশলী সভায় জানিয়েছেন। এছাড়া ক্যাম্পাসের মূল মাঠ সজ্জিতকরণের জন্য ১২টি জীবিত গাছ কর্তনের প্রয়োজন মর্মে উপজেলা নির্বাহী অফিসার জানিয়েছেন। জীবিত গাছ সমূহ কর্তনের জন্য গঠিত কমিটি গত ২২.০৮.২০২১ তারিখ সভা করে সুপারিশসহ কার্যবিবরণী প্রেরণ করেছেন। রেঞ্জ অফিসার, বন বিভাগ,জীবিত গাছের পরিমাণ/ কাঠের পরিমান এর প্রাক্কলন তৈরী করেছেন। | পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটিতে প্রাক্কলন ও সভার কার্যবিবরণী প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে জীবিত গাছ কর্তনের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২০. | (ঘ) উপজেলা পরিষদের অভ্যন্তরে মরা ঝড়ে উপরে পড়া ও বিনষ্টযোগ্য গাছ কর্তন বিষয়ক। | স্থানীয় সরকার বিভাগের ১৫.০৮.২০০৭ তারিখের উপ-২/৪ পি ১২৪/২০০৫/৩৮৪ নং পত্র মূলে গঠিত কমিটি গত ২২.০৮.২০২১ তারিখ সভা করেন। উপজেলা পরিষদের আগষ্ট মাসের সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদের অভ্যন্তরে মরা ঝড়ে উপড়ে পড়া ও বিনষ্টযোগ্য গাছ চিহ্নিতকরণের লক্ষ্যে গঠিত কমিটি ২২টি মরা,০৫টি ঝড়ে উপড়ে পড়া ও ০৬টি বিনষ্টযোগ্য গাছ চিহ্নিত করে কর্তন করে অপসারণের সুপারিশ করেছেন। একই সাথে উল্লিখিত গাছ ও কাঠের সম্ভাব্য প্রাক্কলিত মূল্য রেঞ্জ কর্মকর্তা দাখিল করেন। | সভায় উক্ত কমিটির সুপারিশ এবং গাছ ও কাঠের সম্ভাব্য মূল্য অনুমোদন করা হয়। প্রয়োজনীয় গাছ কর্তনের সিদ্ধান্ত অনুমোদনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টসসহ জেলা প্রশাসক মহোদয়ের নিকট পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২১. | (ঙ) নবনির্মিত উপজেলা পরিষদ কমপ্লেক্সে বিভিন্ন অফিসের জন্য বৈদ্যুতিক মিটার স্থাপন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় বলেন, নব নির্মিত উপজেলা পরিষদ ভবনে একটি মাত্র বৈদ্যুতিক মিটার স্থাপন করা আছে। ভবনটিতে বিভিন্ন দপ্তরের অন্তত ১১টি আলাদা বৈদ্যুতিক মিটার স্থাপন করা প্রয়োজন। অন্যথায় বিদ্যুৎ বিল পরিশোধে জটিলতার সৃষ্টি হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | পল্লী বিদ্যুৎ সমিতিকে বিভিন্ন অফিসের জন্য আলাদা আলাদা মিটার স্থাপনের অনুরোধ জানানো হয়। এ ক্ষেত্রে প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জাম ও তার ক্রয়ের প্রয়োজন হবে। এতে সম্ভাব্য ২৫,০০০/-(পঁচিশ হাজার) খরচ হতে পারে মর্মে পল্লী বিদ্যুৎ সমিতি থেকে জানানো হয়।<br>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা এর ৩(ক) অনুসরণ পূর্বক এ ব্যয় নির্বাহ করা হবে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২২. | (চ) উপজেলা পরিষদের জীপ গাড়ী (বরিশাল-ঘ-১১-০০৪৭) সার্ভিসিং/ যন্ত্রাংশ ক্রয় ও মেরামত সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় বলেন, উপজেলা পরিষদের জীপ গাড়ী (বরিশাল-ঘ-১১-০০৪৭) সার্ভিসিং /যন্ত্রাংশ ক্রয় সংক্রান্ত ও মেরামত করা প্রয়োজন। এ বিষয় সহকারী পরিচালক (ইঞ্জিঃ) বিআরটিএ, পটুয়াখালী অঞ্চল বরাবরে প্রত্যায়নের জন্য পত্র দেয়া হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় সহকারী পরিচালক (ইঞ্জিঃ) বিআরটিএ, পটুয়াখালী অঞ্চলের প্রত্যায়ন সাপেক্ষে প্রশাসনিক মঞ্জুরীর জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয়ের বরাবরে প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২৩. | (ছ) উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন ও অফিসার্স কোয়ার্টার্স নির্মাণের জন্য সয়েল টেস্ট (Soil Test) ও ডিজিটাল টপোগ্রাফিক্যাল সার্ভে (Digital Topographical | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের আগস্ট মাসের মাসিক সভায় বর্তমান উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন ও অফিসার্সদের কোয়ার্টার্স এবং ডরমিটরি ভবন নির্মাণের জন্য সয়েল টেস্ট (Soil Test) ও টপোগ্রাফিক্যাল সার্ভে (Digital Topographical Survey) বাবদ আনুমানিক ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা ব্যয় হতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সয়েল টেস্ট (Soil Test) ও টপোগ্রাফিক্যাল সার্ভে (Digital Topographical Survey) কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা এর ৩(ক) অনুসরণ করে মিটানো হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ প্রকল্প কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ক) জনাব মোসা: শিরিন আক্তার--------- প্রকল্প সভাপতি। |

| | | | |
|---|---|---|---|
| | Survey) করন। | | (খ) জনাব মোঃ সাইফুল ইসলাম, বিসিষ্ট ব্যবসায়ী---সদস্য।<br>(গ) জনাব লিটন বিশ্বাস, শিক্ষক প্রতিনিধি----------সদস্য।<br>(ঘ) জনাব মোঃ মিজানুর রহমান, ইমাম প্রতিনিধি-----সদস্য<br>(ঙ) জনাব মোঃ ইসমাইল হোসেন, এনজিও প্রতিনিধি-সদস্য-সচিব |
| ২৪. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প গ্রহণ। | উপজেলা প্রকৌশলী সভায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ-বছরে অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরিত পত্রের বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এ প্রকল্পের মাধ্যমে ভৌত অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প গ্রহণ করে বিস্তারিত তথ্যাবলী নির্দিষ্ট ছকে প্রেরণ করতে হবে মর্মে উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান। | বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিষদের সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটির সুপারিশক্রমে এবং প্রকল্প বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক মোতাবেক নিম্নরূপ প্রকল্প গ্রহণ করা হয়।<br>২টি প্যাকেজ অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পসমূহ:<br>ড্রেন নির্মাণ:<br>(১) উপজেলা মডেল মসজিদ কমপ্লেক্সের সামনে থেকে বিদ্যানিকেতন স্কুলের পশ্চিম পার্শ্ব পর্যন্ত জলাবদ্ধতা নিরসনের জন্য আরসিসি (RCC) ড্রেন নির্মাণ।<br>ওয়াশ ব্লক নির্মাণ:<br>(১) কালমেঘা ইউনিয়নের সোনালী বাজার ও মসজিদ সংলগ্নে দুই কক্ষ বিশিষ্ট একটি ওয়াশ ব্লক নির্মাণ।<br>(২) নাচনাপাড়া ইউনিয়নের শিংড়াবুনিয়া বাজার ও কমিউনিটি ক্লিনিক সংলগ্নে দুইকক্ষ বিশিষ্ট একটি ওয়াশ ব্লক নির্মাণ।<br>(৩) কাকচিড়া ইউনিয়নের বাজার ও কেন্দ্রীয় জামে মসজিদ সংলগ্নে দুইকক্ষ বিশিষ্ট একটি ওয়াশ ব্লক নির্মাণ।<br>(৪) রায়হানপুর ইউনিয়নের উত্তর মাদারতলীর পিপুলিয়া বাজার সংলগ্নে দুইকক্ষ বিশিষ্ট একটি ওয়াশ ব্লক নির্মাণ।<br>(৫) পাথরঘাটা সদর ইউনিয়নের হাতেমপুর বাজার ও মসজিদ সংলগ্নে দুইকক্ষ বিশিষ্ট একটি ওয়াশ ব্লক নির্মাণ।<br>(৬) চরদুয়ানী ইউনিয়নের খলিফার হাট বাজার সংলগ্নে দুইকক্ষ বিশিষ্ট একটি ওয়াশ ব্লক নির্মাণ। |
| ২৫. | উপজেলা পরিচালন ও সক্ষমতা উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাবনা গ্রহণ। | উপজেলা প্রকৌশলী সভায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ-বছরে সক্ষমতা উন্নয়নমূলক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরিত পত্রের বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এ প্রকল্পের মাধ্যমে সক্ষমতা উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাবনা করে বিস্তারিত প্রস্তবনা নিদিষ্ট ছকে প্রেরণ করতে হবে মর্মে উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান। | বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিষদের সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটির সুপারিশক্রমে এবং প্রকল্প বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক মোতাবেক নিম্নরূপ প্রকল্প গ্রহণ করা হয়।<br>সক্ষমতা উন্নমূলক উপ-প্রকল্পসমূহ:<br>(১) নিরাপদ সড়ক ও ট্রাফিক আইন বিষয়ক প্রশিক্ষণ।<br>(২) বাজারের ব্যবসায়ীদের নিয়ে নিরাপদ খাদ্য ও ভোক্তা অধিকার বিষয়ক প্রশিক্ষণ।<br>(৩) উপজেলায় বসবাসরত মহিলাদের নকশি কাঁথা সেলাই বিষয়ক প্রশিক্ষণ।<br>(৪) পরিবার কল্যাণ সহকারী, পরিবার পরিকল্পনা পরিদর্শক, FWV,SACMO এবং Midwife দের পরিবার পরিকল্পনা,মা ও শিশুর স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক প্রশিক্ষণ।<br>(৫) মাধ্যমিক বিদ্যালয়ের অফিস সহকারীদের কম্পিউটার বিষয়ে দক্ষতা উন্নয়ন মূলক প্রশিক্ষণ।<br>(৬) নির্মাণ শ্রমিক (রাজ মিস্ত্রি, রড মিস্ত্রি ও রং মিস্ত্রি) দের মাননিয়ন্ত্রণ এবং দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোস্তফা গোলাম কবির)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
পাথরঘাটা, বরগুনা।

স্মারক নম্বর- উপ/পাথর/বর/২০২১/ ৭৯১(৬০) তারিখঃ ২০.০৯.২০২১।

সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০ বরগুনা-২ ও উপদেষ্টা, পাথরঘাটা উপজেলা পরিষদ, বরগুনা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩১৫মহিলা আসন-১৫।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, ........................................................ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৬. জেলা প্রশাসক, বরগুনা।
১০. মেয়র, পাথরঘাটা পৌরসভা, জেলাঃ বরগুনা।
১১. ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১২. উপজেলা ..................................................................কর্মকর্তা, পাথরঘাটা, বরগুনা।
১৩. চেয়ারম্যান, .........................................................ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১৪. জনাব ............................................................................ ।
১৫. অফিস নথি।

২০.০৯.২০২১

(হোসাইন মুহাম্মদ আল-মুজাহিদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
পাথরঘাটা, বরগুনা।

# উপজেলা পরিষদের ২৯তম (সেপ্টেম্বর/২০২১) মাসিক সভার হাজিরা শীট

তারিখ: ২০/০৯/২০২১

সময়: সকাল ১১:০০

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | ইমেইল আইডি | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব শওকত হাচানুর রহমান রিমন<br>মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০, বরগুনা-২। | | | [signature] ২০/০৯/২১ |
| ২ | জনাব সুলতানা নাদিরা<br>মাননীয় জাতীয় সংসদ সদস্য,<br>৩১৫, মহিলা আসন-১৫। | | | |
| ৩ | জনাব মোস্তফা গোলাম কবির<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, জেলাঃ বরগুনা। | | | [signature] ২০/০৯/২০২১ |
| ৪ | জনাব মোঃ আনোয়ার হোসেন আকন<br>মেয়র, পাথরঘাটা পৌরসভা, জেলাঃ বরগুনা। | | | |
| ৫ | জনাব মোঃ হাফিজুর রহমান<br>ভাইস চেয়ারম্যান<br>পাথরঘাটা উপজেলা পরিষদ, জেলাঃ বরগুনা। | | | [signature] ২০/৯/২১ |
| ৬ | জনাব ফাতিমা পারভীন<br>মহিলা ভাইস চেয়ারম্যান<br>পাথরঘাটা উপজেলা পরিষদ, জেলাঃ বরগুনা। | | | [signature] |
| ৭ | জনাব মোঃ মিজানুর রহমান রুপক<br>চেয়ারম্যান, রায়হানপুর ইউনিয়ন পরিষদ,<br>পাথরঘাটা, বরগুনা। | | | [signature] |
| ৮ | জনাব মোঃ ফরিদ খান<br>চেয়ারম্যান, নাচনাপাড়া ইউনিয়ন পরিষদ,<br>পাথরঘাটা, বরগুনা। | | | [signature] |
| ৯ | জনাব আলহাজ্ব হাফিজ উদ্দিন আহম্মেদ ফিরোজ<br>চেয়ারম্যান<br>চরদুয়ানী ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা, বরগুনা। | | | [signature] |
| ১০ | জনাব মোঃ আসাদুজ্জামান আসাদ<br>চেয়ারম্যান,পাথরঘাটা সদর ইউনিয়ন<br>পরিষদ,পাথরঘাটা, বরগুনা। | | | [signature] ২০.০৯.২০২১ |
| ১১ | জনাব গোলাম নাসির উদ্দিন<br>চেয়ারম্যান, কালমেঘা ইউনিয়ন পরিষদ,<br>পাথরঘাটা, বরগুনা। | | | G. Nasir |
| ১২ | জনাব মোঃ আলাউদ্দিন পল্টু<br>চেয়ারম্যান, কাকচিড়া ইউনিয়ন পরিষদ,<br>পাথরঘাটা, বরগুনা। | | | [signature] |
| ১৩ | জনাব মোঃ শহিদুল ইসলাম<br>চেয়ারম্যান, কাঠালতলী ইউনিয়ন<br>পরিষদ,পাথরঘাটা, বরগুনা। | | | [signature] |
| ১৪ | চেয়ারম্যান<br>ইউ.সি.সি.এ লি: পাথরঘাটা, বরগুনা। | | | |
| ১৫ | মোসাঃ রেহেনা পারভীন<br>সংরক্ষিত মহিলা সদস্য<br>পাথরঘাটা উপজেলা পরিষদ, জেলাঃ বরগুনা। | | | |
| ১৬ | মোসাঃ জয়নব, সংরক্ষিত মহিলা সদস্য<br>পাথরঘাটা উপজেলা পরিষদ, জেলাঃ বরগুনা। | | | |
| ১৭ | মোসাঃ সামিমা আক্তার<br>সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, | | | |

# উপজেলা পরিষদের ২৯তম (সেপ্টেম্বর/২০২১) মাসিক সভার হাজিরা

তারিখ: ২০/০৯/২০২১ — সময়: সকাল ১১

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | ইমেইল আইডি | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার<br>পাথরঘাটা, বরগুনা। | ০১৭৭৮-৩৩৬৬৬৭ | Unopatharghata@mopa.gov.bd | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>পাথরঘাটা | | | on behalf |
| ৩ | সহকারী কমিশনার (ভূমি)<br>পাথরঘাটা, বরগুনা। | | | |
| ৪ | উপজেলা কৃষি কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ৫ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা<br>পাথরঘাটা | ০১৭২৮০২৮০০৭ | patharghataulo@gmail.com | |
| ৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>পাথরঘাটা | 01722784762 | joyanta.gov.dif@gmail.com | |
| ৭ | উপজেলা প্রকৌশলী<br>পাথরঘাটা | 01708161241 | | |
| ৮ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা<br>পাথরঘাটা | ০১৭২৮৬৫২৮৪৭ | muradhosen2525@gmail.com | |
| ৯ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা<br>পাথরঘাটা | 01715380005 | | |
| ১০ | অফিসার-ইন-চার্জ<br>পাথরঘাটা থানা | | | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ১২ | উপজেলা নির্বাচন কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>পাথরঘাটা | 01716332638 | | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>পাথরঘাটা | 01715113066 | | |
| ১৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>পাথরঘাটা | 01742-851311 | info.anif90@gmail.com | |
| ১৭ | ম্যানেজার<br>বিএফডিসি, পাথরঘাটা | | | |
| ১৮ | ইন্সট্রাক্টর<br>উপজেলা রিসোর্স সেন্টার,পাথরঘাটা | | | |
| ১৯ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>পাথরঘাটা | 01746-448000 | | |
| ২০ | উপ-বিভাগীয় প্রকৌশলী<br>পাউবো, পাথরঘাটা | | | |
| ২১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ২২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ২৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | 01712104978 | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | রেঞ্জ কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ২৫ | উপজেলা সমবায় কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ২৬ | উপজেলা পরিসখ্যান কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ২৭ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>পাথরঘাটা | 01733132877 | | ২০/৭/২২ |
| ২৮ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ২৯ | ইন-চার্জ, পবিস<br>পাথরঘাটা অভিযোগ কেন্দ্র | 01769407195 | | ২০/০৭/২২ |
| ৩০ | সিনিয়র সহকারী পরিচালক<br>সিপিপি,পাথরঘাটা | | | |
| ৩১ | ইন-চার্জ, বিটিসিএল<br>পাথরঘাটা | | | |
| ৩২ | উপজেলা সমন্বয়কারী<br>একটি বাড়ি একটি খামার, পাথরঘাটা। | 01938879277<br>01719738322 | | ২০/০৭/২২ |
| ৩৩ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ৩৪ | সুপারভাইজার<br>ইসলামিক ফাউন্ডেশন | 01718749417 | | |
| ৩৫ | তথ্য সেবা কর্মকর্তা<br>পাথরঘাটা, বরগুনা। | | | |
| ৩৬ | | | | |
| ৩৭ | | | | |
| ৩৮ | | | | |
| ৩৯ | | | | |
| ৪০ | | | | |